

১ম বর্ষ এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তির আবেদন আহ্বান (২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ)  
সকল সরকারী ও বেসরকারী মেডিকেল ও ডেন্টাল কলেজ/ইউনিট / ইনস্টিটিউট এর জন্য প্রযোজ্য

০১. ২০১৫-২০১৬ শিক্ষা বর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তির জন্য আবেদন অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে আহ্বান করা হচ্ছে।
০২. বাংলাদেশের নাগরিক শিক্ষার্থী, যারা ২০১২ বা ২০১৩ সনে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং ২০১৪ বা ২০১৫ সনে এইচএসসি বা সমমানের (পদার্থ, রসায়ন ও জীববিদ্যাসহ) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তারা ভর্তির আবেদন করার যোগ্য হবেন। ইরেজী ২০১২ সনের পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।
০৩. সকল দেশী বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি ও এইচএসসি বা সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে, তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম হলে, কোন প্রার্থী আবেদনের যোগ্য হবেন না।
০৪. সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৭.০০ হতে হবে। তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হলে আবেদনের যোগ্য হবেন না।
০৫. লিখিত পরীক্ষায় প্রতিটি জুন উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে এবং ২০১৪-২০১৫ ইং শিক্ষা বর্ষে সরকারী মেডিকেল, ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিট সমূহে ভর্তির ছাত্র-ছাত্রীরা এই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহন করলে তাদের মোট নম্বর থেকে ৫.০০ (পাঁচ) নম্বর কাটা যাবে। এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষায় ২০০ নম্বরের মধ্যে ১২০ নম্বর প্রাচ ছাত্র-ছাত্রীদের ভর্তি করা যাবে। তবে লিখিত পরীক্ষায় ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে।
০৬. অনলাইনে আবেদন পূরণ করার সময় নির্দেশাবলী ভাল ভাবে পড়ে বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সহিত পূরণ করতে হবে। পরীক্ষা ফিসের টাকা শুধু Prepaid টেলিটকের মাধ্যমে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা জমা দিতে হবে। পরীক্ষার্থীর সংখ্যা : কলেজ কোড II থেকে 19 পর্যন্ত এবং কলেজ কোড 40 এ ৬০০০ করে এবং বাকী কলেজগুলোতে ৫০০০ এর বেশী নয়।
০৭. সকলের জন্যে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপি ৩.৫০ থাকতে হবে।
০৮. অনলাইনে আবেদন করার তারিখ: ১৯-০৮-২০১৫ ইং (সকাল: ১০:০০ মি:)
০৯. অনলাইনে আবেদনের শেষ তারিখ: ০১-০৯-২০১৫ ইং (রাত ১১:৫৯ মি:)
১০. অনলাইনে টাকা জমার শেষ তারিখ: ০২-০৯-২০১৫ ইং ( রাত ১১:৫৯ মি:)
১১. প্রবেশ পত্র বিতরণ : ১৪-০৯-২০১৫ ইং হতে ১৭-০৯-২০১৫ ইং
১২. ভর্তি পরীক্ষার তারিখ: ১৮-০৯-২০১৫ ইং (বুধবার, সকাল ১০ টা হইতে ১১ টা)
১৩. **MBBS & BDS ভর্তির জন্য Online ফর্ম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য (detail instructions for applicant) website: <http://dghs.teletalk.com.bd>, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েব সাইট [www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd) এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট [www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd) হতে জানা যাবে।**
১৪. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে করা হবে।
১৫. বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা তাদের মার্কস সার্টিফিকেট সমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/- (দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট/প-অর্ডার সহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ করার সময় ID নম্বর নিতে হবে। (Equivalence Certificate সংগ্রহ করার জন্য এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষার ফুল সনদপত্র সাথে আনতে হবে)।
১৬. নির্বাচিত প্রার্থীদের দেয়া তথ্য অসম্পূর্ণ অথবা ভুল প্রমাণিত হলে, তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।
১৭. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অধ্যাপক ডাঃ এ বি এম আব্দুল হান্নান  
পরিচালক  
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন  
ফোন - ৮৮২৫৪০০, ফ্যাক্স - ৯৮৮৬৬১২  
Email : [abmhannan@gmail.com](mailto:abmhannan@gmail.com)

অনুলিপি জ্ঞাতার্থে: ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
২. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
৩. মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আ: মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
৪. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৬. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- পরিচালক, আইও বিভাগ)।
৭. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৮. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৯. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১০. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
১১. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২. উপাচার্য, বিএসএমএমইউ, শাহাবাগ, ঢাকা।
১৩. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৪. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগার গাঁ, ঢাকা/ ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
১৫. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৬. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, সমন্বয়)
১৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
১৯. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহাবাগ, ঢাকা।
২০. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)/পরিচালনা ও উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২১. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
২২. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহরুল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
২৩. অধ্যক্ষ : ১১. ঢাকা, ১২. স্যার সলিমুল্লাহ, ১৩. শহীদ সোহরাওয়ার্দী, ১৪. ময়মনসিংহ, ১৫. চট্টগ্রাম, ১৬. রাজশাহী, ১৭. এমএজি ওসমানী-সিলেট, ১৮. শের-ই-বাংলা-বরিশাল, ১৯. রংপুর, ২০. কুমিল্লা, ২১. খুলনা, ২২. শহীদ জিয়াউর রহমান-বগুড়া, ২৩. ফরিদপুর, ২৪. দিনাজপুর, ২৫. পাবনা, ২৬. আব্দুল মালেক উকিল- নোয়াখালী, ২৭. কক্সবাজার, ২৮. মগশাই, ২৯. সাতক্ষীরা, ৩০. শহীদ সৈয়দ নজরুল ইসলাম-কিশোরগঞ্জ, ৩১. কুষ্টিয়া, ৩২. শেখ সায়েদা বাতুন-গোপালগঞ্জ, ৩৩. শহীদ তাজউদ্দীন আহমদ-গাজীপুর, ৩৪. টাংগাইল, ৩৫. জামালপুর, ৩৬. মানিকগঞ্জ, ৩৭. শহীদ এম মনসুর আলী-সিরাজগঞ্জ, ৩৮. পটুয়াখালী, ৩৯. রাঙ্গামাটি মেডিকেল কলেজ। ৪০. ঢাকা ডেন্টাল কলেজ, ৪১. চট্টগ্রাম, ৪২. রাজশাহী, ৪৩. শহীদ সোহরাওয়ার্দী, ৪৪. স্যার সলিমুল্লাহ, ৪৫. ময়মনসিংহ, ৪৬. এম,এ,জি,ওসমানী, ৪৭. শের-ই-বাংলা, ৪৮. রংপুর মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট ও মুগদা মেডিকেল কলেজ, ঢাকা।
২৪. অধ্যক্ষ.....বেসরকারী মেডিকেল/ ডেন্টাল কলেজ (সকল)
২৫. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. রেজিস্ট্রার, বিএমডিসি, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, ৮৬, বিজয় নগর, ঢাকা।
২৭. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
২৮. সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, পুরানা পল্টন, ঢাকা। সকল মিডিয়াতে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
২৯. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন, ঢাকা।
৩০. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ডেন্টাল সোসাইটি, মোতাল্লেব প্রাজা, হাতিরপুল, ঢাকা।

অধ্যাপক ডা: এ বি এম আব্দুল হান্নান

পরিচালক

চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

ফোন-৮৮২৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২

Email : abmhannan@gmail.com

## (ভর্তিচ্ছু ছাত্র ছাত্রীদের জন্য বিস্তারিত নির্দেশনা)

১ম বর্ষ এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা (২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ)

সকল সরকারী ও বেসরকারী মেডিকেল ও ডেন্টাল কলেজ/ ইউনিট/ইনস্টিটিউট এর জন্য প্রযোজ্য

০১. আবেদন অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে আহ্বান করা হচ্ছে।
০২. আবেদনকারী বাংলাদেশের নাগরিক হবেন।
০৩. যারা ২০১২ বা ২০১৩ সনে এসএসসি/সমমান এবং ২০১৪ বা ২০১৫ সনে এইচএসসি/সমমান (পদার্থ, রসায়ন ও জীববিদ্যা সহ) পরীক্ষায় পাস করেছে তারা আবেদনের যোগ্য।
০৪. সকল দেশী-বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি ও এইচএসসি বা সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে; তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম নয়।  
সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৭.০০ হতে হবে; তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম নয়। সকলের জন্যে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে। এ বিষয়টি বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/ ইউনিট/ইনস্টিটিউট এ ভর্তিচ্ছু বিদেশী ছাত্র ছাত্রীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।
০৫. অনলাইনে আবেদন পত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলী ভাল ভাবে পড়ে বুঝে নির্দেশনা অনুযায়ী অত্যন্ত সতর্কতার সহিত ফরম পূরণ করতে হবে।
  - ০৫.১ MBBS & BDS ভর্তি পরীক্ষার Online ফরম পূরণের নিয়মাবলী :-
  - ০৫.২ Website: <http://dghs.teletalk.com.bd>
  - ০৫.৩ Website এ ঢোকান আগে নিম্নে বর্ণিত জিনিসগুলি সাথে রাখতে হবে। এগুলো না থাকলে ফরম পূরণ শেষ না করেই Website থেকে বের হয়ে আসতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ করার পর, টেলিটক প্রি-শেইড মোবাইল থেকে ৭৫০ (সাত শত পঞ্চাশ) টাকা ফিস অবশ্যই জমা দিতে হবে। ফিস জমা দেয়ার পর আবেদন পত্র চূড়ান্ত ভাবে গৃহীত হবে।
  - ০৫.৪ (১) 300 x 300 pixel মাপের নিজের একটি রঙীন ছবি (jpg)। ফাইলের সাইজ 100 KB এর বেশী হবেনা। (স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা)  
(২) 300 x 80 pixel মাপের স্ক্যান করা নিজের একটি স্বাক্ষর (jpg); (কাগজে গাঢ় করে স্বাক্ষর করে তারপর স্ক্যান করতে হবে)। ফাইলের সাইজ 60 KB এর বেশী হবেনা। ছবি ও স্বাক্ষর প্রয়োজনীয় মাপে তৈরীকরা ও মিলিয়ে দেখার জন্য এই Home Page এ একটি link দেওয়া আছে।
  - ০৫.৫ উপরের দুইটাই কম্পিউটারে (যে কম্পিউটার থেকে Website এ ঢুকবে) অথবা Pendrive এ পূর্ব থেকে রাখতে হবে। কম্পিউটারের সাথে প্রিন্টার থাকা প্রয়োজন।
  - ০৫.৬ ইংরেজীতে নিজের জেলা, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা (জেলা, থানা/উপজেলা, পোস্ট কোড ইত্যাদি সহ) লিখিতভাবে নিজের কাছে রাখতে হবে।
  - ০৫.৭ ভর্তিচ্ছু মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট গুলির নাম নিজের পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেয়া উচিত। কারণ পছন্দক্রম একবার দেওয়ার পর আর বদলানো যাবেনা। কলেজ কোডগুলো 11 থেকে 48 (সার্বনি-5 দ্রষ্টব্য) জানা থাকতে হবে। এটা ভর্তি পরীক্ষার কেন্দ্র নির্বাচনে প্রয়োজন হবে।
  - ০৫.৮ উপরোক্ত তথ্যগুলি এবং সাথে এই নিয়মাবলীর একটি কপি প্রস্তুত থাকলে
  - ০৫.৯ <http://dghs.teletalk.com.bd> ক্লিক করতে হবে। প্রথমে ভর্তির নিয়মাবলীর একটি সংযোগ দেখা যাবে। সেটা ক্লিক করে ভালভাবে পড়ে নিতে হবে। পড়া শেষ হলে আগের পৃষ্ঠায় ফেরৎ আসতে হবে।
  - ০৫.১০ এখানে দুটি অপশন আছে। একটি SSC/HSC/Alim ইত্যাদি পাশ করেছে তাদের জন্য; আরেকটি যারা O-Level /A-Level বা বিদেশ থেকে পাশ করেছে। দ্বিতীয় ধরনের প্রার্থীদের Director, Medical Education এর কাছ থেকে ফরম পূরণের পূর্বেই Equivalent Certificate ও Code সংগ্রহ করতে হবে। এটা ছাড়া ফরম পূরণ করা যাবে না।
  - ০৫.১১ প্রথম অপশনে ক্লিক করুন। পৃষ্ঠার নিচে Next হাইলাইট হবে এবং সেটা ক্লিক করুন। দ্বিতীয় পৃষ্ঠা আসবে।
  - ০৫.১২ এখানে SSC, HSC ইত্যাদির Roll Number, Registration Number, Board, Year পূরণ করতে হবে। প্রার্থীর উপজাতীয় কোটায় সুযোগ থাকলে তাকে Tribal /Hilltract's non tribal Quota ( অনুচ্ছেদ ১৪) বাটন ক্লিক করতে হবে। এটা ক্লিক না করলে পরের পৃষ্ঠায় উপজাতীর সংশ্লিষ্ট অপশনের সুযোগ থাকবেনা এবং উপজাতীর কোটায় নির্ধারিত GPA ৭.০০ কার্যকরী হবেনা। কোটায় ভর্তির সুযোগ পেলে ভর্তির সময় প্রয়োজনীয় কাগজ দেখাতে না পারলে ভর্তি বাতিল হয়ে যাবে। পরে এই অপশন বদল করার কোন সুযোগ নেই।
  - ০৫.১৩ এখানে কোন কিছু ভুল হলে Reset ক্লিক করে আবার পূরণ করতে হবে। সব তথ্য সঠিকভাবে পূরণ হলে Next ক্লিক করে পরের পৃষ্ঠায় যেতে হবে।
  - ০৫.১৪ এ পৃষ্ঠার উপরের অংশে প্রার্থীর নাম, পিতা-মাতার নাম, জন্মতারিখ এবং পৃষ্ঠার মাঝামাঝি পরীক্ষায় প্রাপ্ত স্কোর/গ্রেডসমূহ এবং গ্রেডপয়েন্ট স্বয়ংক্রিয়ভাবে চলে আসবে। (O level / A level প্রার্থীরা তাদের অপশনে গিয়ে নিজেরা পূরণ করবে)।
  - ০৫.১৫ পরীক্ষার সময় ইংরেজী প্রশ্নের প্রয়োজন হলে এখানে Question Language ইংরেজী অপশন পূরণ করতে হবে।
  - ০৫.১৬ Home District পূরণ করতে হবে। পূরণকৃত জেলার কোটায় ভর্তির আসন বরাদ্দ পেলে, ভর্তির সময় সেই জেলার সার্টিফিকেট

- দেখাওতে না পারলে, বরাদ্দকৃত আসন বাতিল হয়ে যাবে। অন্যান্য কোটার ক্ষেত্রেও তা প্রযোজ্য হবে।
- ০৫.১৭ পূর্বের পৃষ্ঠায় Tribal Quota এ ক্লিক করে থাকলে, এখানে Tribal Quota লিস্ট ( স্বারণী-৩) থেকে একটি নির্বাচন করতে হবে।
- ০৫.১৮ মুক্তিযোদ্ধা কোটার (সন্তান, সন্তানদের সন্তান) দাবিদার হলে এখানে Eligible for Freedom Fighter Quota বাটনে ক্লিক করতে হবে। ভুল করে এই অপশন দিলে এবং কোটার আসন পেলেও ভর্তি বাতিল হয়ে যাবে। (মুক্তিযোদ্ধা কোটার দাবিদার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান অনুসরণ করা হবে)।
- ০৫.১৯ এরপর Present Address ও Permanent Address পূরণ করতে হবে। তারকা চিহ্নিত অংশ পূরণ করতেই হবে। না বরাদ্দ পূরণের পৃষ্ঠায় যাওয়া যাবে না। Present Address ও Permanent Address এক হলে Permanent Address এর সামনের বাটনে ক্লিক করলেই চলবে।
- ০৫.২০ এগার (১১) ডিজিটের একটি মোবাইল নম্বর বাধ্যতামূলক যা ভর্তি প্রক্রিয়া চলাকালীন সার্বক্ষণিক অবশ্যই চালু রাখতে হবে। টাকা জমা দেওয়ার পর এই মোবাইলে USER ID, PASSWORD ও পরীক্ষার কেন্দ্রের নাম SMS এর মাধ্যমে আসবে। দ্বিতীয় ঘরে দ্বিতীয় মোবাইল নম্বর দেওয়া উচিত, প্রয়োজনে যোগাযোগের জন্য।
- ০৫.২১ এরপর Choice Option পূরণ করতে হবে। বাম কিনারের লিস্টের কোন কলেজকে হাইলাইট করে Add বাটন ক্লিক করলে সেটা ডানদিকে চলে যাবে। এভাবে এক এক করে নিজের পছন্দের ক্রমানুসারে কলেজগুলিকে ডানদিকে নিতে হবে। ডান পাশের লিস্ট হবে পছন্দক্রম। এখানে কোনভাবেই ভুল করা যাবে না।
- ০৫.২২ ডেন্টাল কলেজগুলোর পছন্দ এক সাথেই দিতে হবে। মেডিকেল কলেজগুলোর পছন্দক্রমের যে কোন জায়গায় এটা হতে পারে। ডেন্টাল কলেজে ভর্তি হয়ে পরবর্তীতে মাইগ্রেশনে অন্য মেডিকেল কলেজে ও ডেন্টাল কলেজে যাওয়ার সুযোগ থাকবে। ২৯ টি মেডিকেল কলেজের মতই ১টি ডেন্টাল কলেজ/৮টি ডেন্টাল ইউনিট গণ্য করা হবে। ডেন্টাল কলেজের পছন্দ না দিলে মেডিকেল কলেজের আসন প্রাপ্তির সম্ভাবনা কোন অবস্থাতেই বাড়বে না। যারা ডেন্টাল কলেজ/ইউনিটে কোন অবস্থাতেই ভর্তি হবেনা, তাদের ডেন্টালের পছন্দ দেওয়া উচিত হবেনা।
- ০৫.২৩ এবার পূর্ব থেকে তৈরী করে রাখা ছবি ও স্বাক্ষর কম্পিউটার থেকে অথবা পেনড্রাইভ থেকে ব্রাউজ করে সিলেক্ট করতে হবে।
- ০৫.২৪ Validation Code যেভাবে দেওয়া আছে, সেভাবে টাইপ করতে হবে।
- ০৫.২৫ পৃষ্ঠার শেষে Declaration বাটনে ক্লিক করে Submit ক্লিক করতে হবে।
- ০৫.২৬ কিছুক্ষণ সময় নিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড হবে এবং পরের পৃষ্ঠা দেখা যাবে। ছবি ও স্বাক্ষর সাইজ মত না হলে আপলোড হবে না। ছবি ও স্বাক্ষর সাইজ মত করার অপশন অনলাইনে থাকবে।
- ০৫.২৭ এই পৃষ্ঠায় একটি User ID নম্বর দেখা যাবে। এই নম্বর যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে, কারণ এটা দিয়ে টেলিটক Prepaid মোবাইল থেকে দরখাস্তের ফিস জমা দিতে হবে। আবেদনকারীর ছবি ও স্বাক্ষর সহ সকল তথ্য দেখা যাবে। এ পৃষ্ঠা প্রিন্ট করে রাখা অবশ্যই উচিত। কেননা এই ছবি ও স্বাক্ষরেই তিনি সর্বত্র পরিচিত হবেন।
- ০৫.২৮ এ পৃষ্ঠায় যদি কোন ভুল তথ্য দেখা যায় অথবা ছবি বা স্বাক্ষর ভুল হয় তবে শুধু ছবি/স্বাক্ষর বা তথ্য যোগ করে নতুন ভাবে ফরম পূরণ করতে হবে। একবার টাকা জমা দিলে এর পর ছবি বা স্বাক্ষর পরিবর্তনের সুযোগ নেই। কারিগরি সহায়তার জন্য 01550157750, 01550150056, 01550150080, 01550150066, 01550150064 নম্বরে ফোন করা যাবে। ই-মেইল: dghs@teletalk.com.bd
- ০৫.২৯ Prepaid টেলিটকের মাধ্যমে ফিস জমা দিলে User ID ও Password পাওয়া যাবে। এটা উভয় মোবাইলেই আসবে। ফরম পূরণের সময় লেখা স্টার চিহ্নিত নম্বরটি যে কোন অপারেটরের মোবাইল হলে চলবে। এই User ID ও Password দিয়ে ১৪-০৯-২০১৫ইং তারিখ থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।
- ০৫.৩০ শুধু ফিসের টাকা জমা Prepaid টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে। প্রয়োজনীয় SMS ফরম পূরণের সময় প্রদানকৃত মোবাইল নম্বরে দেওয়া হবে।
- ০৫.৩১ ফিস জমা দেয়ার পদ্ধতি :
- (ক) টেলিটকের Prepaid মোবাইল ফোনের Message অপশনে গিয়ে DGHS লিখে, স্পেস দিয়ে User ID লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে:
- উদাহরণ: DGHS<Space>FRLGCT Type করে Send করুন 16222 নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID।
- ফিরতি SMS-এ একটি PIN,প্রার্থীর নাম এবং পরীক্ষার ফিস হিসেবে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।
- (খ) Message অপশনে গিয়ে DGHS লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে স্পেস দিয়ে পছন্দের সর্বোচ্চ চারটি Centre Code (১ নং সারনিতে যে সকল কলেজের নামের সাথে Exam. Centre লিখা আছে) কমা (,) দিয়ে (উদাহরণ: নিচে দেওয়া হলো) লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে।
- উদাহরণ: DGHS<Space>YES<Space> 456789<Space> 15,16,22,40 Type করে Send করুন 16222 নম্বরে। এখানে 456789 হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN Number এবং 15,16,22,40 নম্বরগুলো হলো পরীক্ষা কেন্দ্রের কোড নম্বর। PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের Prepaid মোবাইল থেকে পরীক্ষার ফিস বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS-এ পরীক্ষা কেন্দ্রের নাম জানিয়ে একটি User ID ও Password দেওয়া হবে।
- ০৫.৩২ ১৪-০৯-২০১৫ইং থেকে প্রার্থী উক্ত User ID ও Password দিয়ে তাহার প্রবেশ পত্র Download করে প্রিন্ট নিবে।

প্রবেশপত্র ওয়েব সাইটে দেওয়ার বিষয়টি SMS-এ জানানো হবে। প্রবেশপত্র হারিয়ে গেলেও পুনরায় একই প্রক্রিয়ায় প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। পরীক্ষার ফলাফল প্রার্থীর মোবাইলে SMS এবং DGHS-এর ওয়েবসাইট www.dghs.gov.bd এর মাধ্যমে জানানো হবে। নিচে পরীক্ষা কেন্দ্রের নাম ও কোড দেওয়া হলো।

বেসরকারী মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ/ইউনিটগুলোতে কোন পরীক্ষা কেন্দ্র থাকবেনা।

উল্লেখ্য ওধ্যমাত্র O/A Level কার্যক্রমে পাশকৃত দেশী ছাত্র/ছাত্রী ও ঢাকা বোর্ডের এইচএসসি পাস ছাত্র-ছাত্রীরা Centre Code 11, 12 এবং 13 পছন্দ করতে পারবে। বাকি Centre Code তালি যে কোন প্রার্থী পছন্দ করতে পারবেন। ( কলেজ কোড 11 থেকে 19 পর্যন্ত এবং কলেজ কোড 40 এ ৬০০০ করে, বাকী কলেজগুলোতে ৫০০০এর বেশী নয়)।

(ক) Download করা প্রবেশ পত্র এবং (খ) এইচএসসি/ সমমান পরীক্ষার Registration ফরম পরীক্ষার হলে অবশ্যই নিয়ে আসতে হবে।

সারণি-১ : বিভিন্ন মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ/ইউনিটের নাম, আসন সংখ্যা ও পরীক্ষা কেন্দ্রের নাম

College Code	Code_College Name	General Seats	FF Seats	Tribal Seats	Examination Centre
11	11 : Dhaka Medical College, Dhaka	193	4	0	Exam. Centre
12	12 : Sir Salimullah Medical College, Dhaka	193	4	0	Exam. Centre
13	13 : Shaheed Suhrawardy Medical College, Dhaka	139	3	0	Exam. Centre
14	14 : Mymensingh Medical College, Mymensingh	193	4	0	Exam. Centre
15	15 : Chittagong Medical College, Chittagong	193	4	0	Exam. Centre
16	16 : Rajshahi Medical College, Rajshahi	193	4	0	Exam. Centre
17	17 : M.A.G. Osmani Medical College, Sylhet	193	4	0	Exam. Centre
18	18 : Sher-E-Bangla Medical College, Barisal	193	4	0	Exam. Centre
19	19 : Rangpur Medical College, Rangpur	193	4	0	Exam. Centre
20	20 : Comilla Medical College, Comilla	110	2	1	Exam. Centre
21	21 : Khulna Medical College, Khulna	137	3	1	Exam. Centre
22	22 : Shaheed Ziaur Rahman Medical College, Bogra	137	3	1	Exam. Centre
23	23 : Faridpur Medical College, Faridpur	110	2	1	Exam. Centre
24	24 : Dinajpur Medical College, Dinajpur	138	3	1	Exam. Centre
25	25 : Pabna Medical College, Pabna	55	1	1	Exam. Centre
26	26 : Abdul Malek Ukil Medical College, Noakhali.	55	1	1	Exam. Centre
27	27 : Cox's Bazar Medical College, Cox's Bazar	55	1	1	Exam. Centre
28	28 : Jessore Medical College, Jessore	55	1	1	Exam. Centre
29	29 : Sathkhira Medical College, Sathkhira	50	1	1	Exam. Centre
30	30 : Shaheed Syed Nazul Islam Medical College, Kishoreganj	50	1	1	Exam. Centre
31	31 : Kushtia Medical College, Kushtia	50	1	1	Exam. Centre
32	32 : Sheikh Sayera Khatun Medical College, Gopalganj	50	1	1	Exam. Centre
33	33 : Shaheed Taj Uddin Ahmad Medical College, Gazipur	50	1	1	No.
34	34 : Tangail Medical College, Tangail	49	1	1	No.
35	35 : Jamalpur Medical College, Jamalpur	49	1	1	No.
36	36 : Manikganj Medical College, Manikganj	49	1	1	No.
37	37 : Shaheed M Monsur Ali Medical College, Sirajganj	49	1	1	No.
38	38 : Patuakhali Medical College, Patuakhali	49	1	1	No.
39	39 : Rangamati Medical College, Rangamati	49	1	1	No.
40	40 : Dhaka Dental College, Dhaka	95	2	0	Exam. Centre
41	41 : Chittagong Medical College Dental Unit	59	1	0	No.
42	42 : Rajshahi Medical College Dental Unit	58	1	0	No.
43	43 : Shaheed Suhrawardy Medical College Dental Unit	55	1	0	No.
44	44 : Sir Salimullah Medical College Dental Unit	50	1	1	No.
45	45 : Mymensingh Medical College Dental Unit	50	1	1	No.
46	46 : MAG Osmani Medical College Dental Unit	50	1	1	No.
47	47 : Sher E Bangla Medical College Dental Unit	50	1	1	No.
48	48 : Rangpur Medical College Dental Unit	50	1	1	No.

বিঃ দ্রঃ - ২০১৫-২০১৬ শিক্ষা বর্ষ থেকে মুগদা মেডিকেল কলেজ, ঢাকায় ১ম বর্ষে ৫০ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। তবে, সেটা কার্যকরী করা হবে এই শিক্ষা বর্ষে ১ম মাইগ্রেশন থেকে। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীরা তাদের মাইগ্রেশনের অন্যতম পছন্দ দিয়ে এই কলেজে যেতে পারবে।

০৬. অনলাইনে ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার শুরু তারিখ: আগামী ১৯-০৮-২০১৫ইং তারিখ বুধবার (সকাল : ১০.০০ টা)  
 ০৭. অনলাইনে ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ০১-০৯-২০১৫ ইং তারিখ মঙ্গলবার (রাত ১১.৫৯মি: পর্যন্ত), এরপর কোন আবেদনপত্র গ্রহন করা হবে না। ০২-০৯-২০১৫ ইং তারিখ রাত ১১.৫৯মিঃ এর পর কোন টাকা জমা নেওয়া হবেনা।

০৮. ভর্তি পরীক্ষার তারিখ: ১৮-০৯-২০১৫ ইং রোজ শুক্রবার সকাল ১০.০০ থেকে ১১.০০ ঘটিকা। ০১ (এক) ঘন্টা। সংশ্লিষ্ট মেডিকেল/ডেন্টাল কলেজের অধ্যক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে অনুষ্ঠিত হবে।
০৯. ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট [www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd) হতে জানা যাবে।
১০. প্রার্থী মূল্যায়ন পদ্ধতি ও নম্বর বিভাজনঃ-
- ১০.১ এসএসসি ও এইচএসসি এর জিপিএ এবং লিখিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী মূল্যায়ন করা হবে।  
এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ০৮ গুন = ৪০ নম্বর (সর্বোচ্চ)  
এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ১২ গুন = ৬০ নম্বর (সর্বোচ্চ)  
MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা = ১০০ নম্বর মোট ২০০ নম্বর
- ১০.২ লিখিত পরীক্ষা (এমসিকিউ পদ্ধতি) = ১০০ নম্বর। বিষয়ভিত্তিক নম্বর বিভাজনঃ - পদার্থবিদ্যা - ২০, রসায়নবিদ্যা - ২৫, জীববিদ্যা ৩০, ইংরেজী - ১৫, সাধারণ জ্ঞান - ১০। (সিলেবাস-এইচএসসি/সমমান)।
- ১০.৩ লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে এবং ২০১৪-২০১৫ ইং শিক্ষা বর্ষে সরকারী মেডিকেল, ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিট সমূহে ভর্তিরত ছাত্র-ছাত্রীরা এই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহন করলে তাদের মোট নম্বর থেকে ৫.০০ (পাঁচ) নম্বর কাটা যাবে। এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষায় ২০০ এর মধ্যে ১২০ নম্বর প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি করা যাবে। তবে লিখিত পরীক্ষায় ন্যূনতম ৪০ বা তদুর্ধ্বপ্রাপ্ত নম্বরধারীদের নম্বরের সাথে প্রাপ্ত জিপিএ যোগ করে ভর্তির জন্য মেধা তাপিকা প্রণয়ন করা হবে।
- লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম পেলে পরীক্ষায় অকৃতকার্য বলে ধরা হবে এবং মেরিট শিফটে নাম থাকবে না।
- ১০.৪ ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং ফলাফল চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে করা হবে।  
উত্তরপত্র "ওএসআর" (OMR) মেশিনে পরীক্ষা করা হবে।
১১. আগামী ১৯-০৮-২০১৫ ইং তারিখ থেকে ০১-০৯-২০১৫ ইং পর্যন্ত উল্লেখিত নিয়মে অনলাইনে ভর্তির ফরম পূরণের সুযোগ থাকবে। উল্লেখিত তারিখ ও সময়ের পরে যদি কোন ছাত্র/ছাত্রী এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ হন, তবে তিনি একই শিক্ষাবর্ষে সরকারী/বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/ইউনিটে ভর্তির জন্য যোগ্য হবেন না। ইংরেজী ২০১২ সনের পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় পাস করা ছাত্র-ছাত্রীরা আবেদনের অযোগ্য।
১২. বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা তাদের মার্কস সার্টিফিকেট সমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবে। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ করতে হবে।
১৩. সরকারী এমবিবিএসও বিডিএস কোর্সে মোট আসন সংখ্যার বিভাজন ১নং সারণিতে দেওয়া আছে।  
মোট আসন সংখ্যার বিবরণ ২নং সারণিতে দেওয়া আছে।
১৪. উপজাতি কোটা সমূহের কোড ও নং সারণিতে দেওয়া আছে।

**সারণি-২ : MBBS/DENTAL মোট আসন সংখ্যার বিবরণ**

MBBS: Grand Total: 3162	General Seats	3079	DENTAL: Grand Total: 532	General seats	517
	FF Seats (2%)	63		FF Seats (2%)	10
	Tribal(3Hill Tracts) 3x3	09		Tribal Seats	05
	Non-Tribal (3 Hill Tracts)	03			
	Tribal (Other districts)	08			
<b>Total Seats (MBBS+DENTAL) : 3694</b>					


**সারণি-৩ : উপজাতি প্রার্থীদের জন্য কোড**

Code	Quota Name
71	Rangamati Tribal
72	Rangamati Non-Tribal
73	Khagra Chari Tribal
74	Khagra Chari Non-Tribal
75	Bandarban Tribal
76	Bandarban Non-Tribal
77	Tribal other than Hill-Tracts

১৫. জাতীয় মেধাতালিকা ও প্রার্থী নির্বাচন:-
- ১৫.১ প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনকারী সকল পরীক্ষার্থীর জাতীয় মেধা তাপিকা (বিশেষ কোটা যদি থাকে উল্লেখ সহ) প্রকাশ করা হবে।
- ১৫.২ সরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/ইউনিট-এ ভর্তির জন্য জাতীয় মেধার ৮০% ও জেলা কোটায় ২০% প্রার্থী নির্বাচন করা হবে। একই সাথে মুক্তিযুদ্ধ সংখ্যক প্রার্থীদের মেধা ভিত্তিক অপেক্ষমান তাপিকাও প্রকাশ করা হবে। সংরক্ষিত আসন সমূহেও নিজ নিজ শ্রেণীর দায়িত্বদায়দের মধ্য হতে মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। এ ক্ষেত্রেও মুক্তিযুদ্ধ সংখ্যক মেধাভিত্তিক অপেক্ষমান তাপিকা প্রকাশ করা হবে। নির্বাচিত প্রার্থীর অর্জিত মেধাক্রম এবং কলেজ পছন্দের ভিত্তিতে প্রার্থী কোন কলেজে ভর্তি হবেন তা স্বয়ংক্রিয়ভাবে নির্ধারন করা হবে।
- ১৫.৩ মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত ২% আসন মোট আসনের মধ্যে সীমিত থাকবে। মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তানরা আবেদন করতে পারবে।

- ১৫.৪ জাতীয়ভাবে পৃথীত এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষায় যে সকল প্রার্থী বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজে /ডেন্টাল ইউনিট/ ইনস্টিটিউটে এ ভর্তি হতে চান, মেধাঅনুযায়ী তাদের মধ্যে থেকে একটা নির্দিষ্ট সংখ্যা পর্যন্ত বেসরকারী মেডিকেল কলেজ/ ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিট/ ইনস্টিটিউটে এ ভর্তি পরীক্ষায় উপযুক্ত ঘোষণা করা হবে। উমুক্ত বিভাগের মাধ্যমে কলেজ কর্তৃপক্ষ উক্ত তালিকার ছাত্র-ছাত্রীদের মধ্যে থেকে তাঁর কলেজে ভর্তিছু ছাত্র-ছাত্রীদের দরখাস্ত আহবান করবেন। প্রাপ্ত আবেদন হতে মেধাতালিকা অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেন। প্রতিটি প্রতিষ্ঠান প্রতি দফায় ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের পূর্ন তালিকা স্বাস্থ্য অধিদপ্তর (পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন) এর বরাবরে প্রেরণ করবেন।
১৬. মাইগ্রেশন বা কলেজ বদলী (সরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/ইউনিট এর জন্যে প্রযোজ্য)  
ভর্তির জন্যে নির্ধারিত তারিখ শেষে শুন্য আসন সমূহের বিপরীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আবেদন, মেধাস্থান ও কলেজ পছন্দ অনুযায়ী কলেজ পরিবর্তনের (মাইগ্রেশন) সুযোগ দেয়া হবে। মাইগ্রেশন শেষে প্রাপ্ত শূন্য আসনসমূহ অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুসারে পূরণ করা হবে। মেডিকেল কলেজ থেকে ডেন্টাল কলেজ ও ডেন্টাল কলেজ থেকে মেডিকেল কলেজে মাইগ্রেশন ছাত্র/ছাত্রীর পছন্দ ও মেধার ভিত্তিতে একই সাথে হবে। বর্নিত নিয়ম ব্যতিত অন্য কোনভাবে এক মেডিকেল কলেজ হতে অন্য মেডিকেল কলেজে বদলী হওয়া বা করা যাবে না।
১৭. আবেদনপত্রে যে সমস্ত তথ্য ও সনদপত্রের উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় **অবশ্যই** প্রদান করতে হবে।
- ১৭.১ এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
- ১৭.২ এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/ টেষ্টমোনিয়াল।
- ১৭.৩ জেলা কোর্টার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র।
- ১৭.৪ দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রসিদ ছবি।
- ১৭.৫ পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ ও জেলা প্রশাসকের সনদ এবং অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার প্রদত্ত সনদপত্র।
- ১৭.৬ মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহনের স্বপক্ষে ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদ বা মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় গঠনের পর থেকে মাননীয় মন্ত্রী /প্রতি-মন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদ। (মুক্তিযোদ্ধা কোর্টার দাবিদার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান অনুসরণ করা হবে)।
১৮. পরীক্ষায় অবতীর্ণ/ নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য (যাহা ফলাফল নির্ধারণে বিবেচিত হয়েছে) অসম্পূর্ণ ও ভুল প্রমানিত হলে, তার পরীক্ষা/ ফলাফল/ ভর্তি বাতিল বলে গন্য হবে।
১৯. ভর্তি পরীক্ষা কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত হয়। যে কোন মেডিকেল কলেজ অথবা ডেন্টাল কলেজ হতে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহন একই কথা।

বিশেষ দ্রষ্টব্য:- কোন প্রার্থী/আবেদনকারী মুক্তিযোদ্ধা ও উপজাতির কোটা ভুল করে পূরণ করলে সাথে সাথেই নতুন ভাবে (টাকা ভ্রমা দেওয়ার পূর্বে) ক্ষম পূরণ করতে হবে। কারণ, প্রার্থীর চাহিত কোটায় আসন বরাদ্দ হলে, পরবর্তীতে উক্ত কোটার প্রয়োজনীয় কাগজ-পত্র দেখাতে না পারলে আসন বরাদ্দ বাতিল হয়ে যাবে। তখন আর সাধারণ বরাদ্দের কোন সুযোগ থাকবে না।  
যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
17/8/2015

অধ্যাপক ডা: এ বি এম আব্দুল হান্নান  
পরিচালক  
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।  
ফোন-৮৮২৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২  
Email [abulhasan@gmail.com](mailto:abulhasan@gmail.com)

অনুলিপি জ্ঞাতার্থে: ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
২. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
৩. মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আ: মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
৪. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৬. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- পরিচালক, আইও বিভাগ)।
৭. সচিব, ওষধ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৮. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৯. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১০. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
১১. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২. উপাচার্য, বিএসএমএমইউ, শাহাবাগ, ঢাকা।
১৩. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৪. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগার গাঁ, ঢাকা/ ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
১৫. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৬. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। ( দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, সমন্বয়)
১৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
১৯. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহাবাগ, ঢাকা।
২০. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)/পরিচালনা ও উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২১. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটিকে ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
২২. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
২৩. অধ্যক্ষ : ১১. ঢাকা, ১২. স্যার সলিমুল্লাহ, ১৩. শহীদ সোহরাওয়ার্দী, ১৪. ময়মনসিংহ, ১৫. চট্টগ্রাম, ১৬. রাজশাহী, ১৭. এমএজি ওসমানী-সিলেট, ১৮. শের-ই-বাংলা-বরিশাল, ১৯. রংপুর, ২০. কুমিল্লা, ২১. খুলনা, ২২. শহীদ জিয়াউর রহমান-বগুড়া, ২৩. ফরিদপুর, ২৪. দিনাজপুর, ২৫. পাবনা, ২৬. আব্দুল মালেক উকিল- নোয়াখালী, ২৭. কক্সবাজার, ২৮. যশোর, ২৯. সাতক্ষীরা, ৩০. শহীদ সৈয়দ নজরুল ইসলাম-কিশোরগঞ্জ, ৩১. কুষ্টিয়া, ৩২. শেখ সায়েদা খাতুন-গোপালগঞ্জ, ৩৩. শহীদ তাজউদ্দীন আহমদ-পাত্তীপুর, ৩৪. টাংগাইল, ৩৫. জামালপুর, ৩৬. মানিকগঞ্জ, ৩৭. শহীদ এম য়নসুর আলী-সিরাজগঞ্জ, ৩৮. পটুয়াখালী, ও ৩৯. বাসমাটি মেডিকেল কলেজ। ৪০. ঢাকা ডেন্টাল কলেজ, ৪১. চট্টগ্রাম, ৪২. রাজশাহী, ৪৩. শহীদ সোহরাওয়ার্দী, ৪৪. স্যার সলিমুল্লাহ, ৪৫. ময়মনসিংহ, ৪৬. এম,এ,জি,ওসমানী, ৪৭. শের-ই-বাংলা, ৪৮. রংপুর মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট ও মুগদা মেডিকেল কলেজ, ঢাকা।
২৪. অধ্যক্ষ.....বেসরকারী মেডিকেল/ ডেন্টাল কলেজ (সকল)
২৫. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. রেজিস্ট্রার, বিএমডিসি, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম নগরী, ৮৬, বিজয় নগর, ঢাকা।
২৭. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
২৮. সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, পুরানো পল্টন, ঢাকা। সকল মিডিয়াতে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
২৯. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন, ঢাকা।
৩০. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ডেন্টাল সোসাইটি, মোতালেব প্লাজা, হাতিরপুল, ঢাকা।

অধ্যাপক ডা: এ বি এম আব্দুল হাম্মান

পরিচালক

চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

ফোন-৮৮২৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২

Email: abmhaman@gmail.com